# সবুজ পাহাড়ের স্বাস্থ্য বার্তা

## গ্রীনহিল-সূর্যের হাসি ক্লিনিক

জুলাই-সেপ্টেম্বর ২০২২ বর্ষ-১ । সংখ্যা-২




রুমায় বিশ্ব জনসংখ্যা দিবস পালন

## সম্পাদকীয়

**সাইলু মং মারমা, প্রকল্প পরিচালক,** AUHC।

অনেক ব্যস্ততা ও সীমাবদ্ধতার মধ্যেও প্রথম প্রকাশনার পরে ''সবুজ পাহাড়ের স্বাস্থ্য বার্তা'' নামক দ্বিতীয় প্রকাশনার ধারাবাহিকতা বজায় রাখতে পেরে আমি অত্যন্ত আনন্দিত এবং এ প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি। আমাদের পক্ষ হতে সবসময় চেষ্টা থাকে যে, USAID-র আর্থিক সহায়তায় AUHC প্রকল্পের তিন পার্বত্য জেলার প্রত্যন্ত অঞ্চলে স্বাস্থ্য সেবা হতে বঞ্চিত জনগোষ্ঠীদের গুণগতমান স্বাস্থ্য সেবা প্রদানের আপডেট তথ্যগুলো অংশীগণের হাতে পৌঁছে দেওয়া। পাশাপাশি পাঠক, শুভাকাঙ্খী ও সংশ্লিষ্ট অংশীগণদের অনুরোধ করবো এই প্রকাশনার যে কোন ধরনের গঠনমূলক মতামত এবং পরামর্শ সানন্দে গ্রহণ করা হবে যেটি আগামীতে আমাদের স্বাস্থ্য সেবার মান উন্নয়নে এবং বাঁধাসমূহ দক্ষতার সাথে মোকাবেলা করতে নিঃসন্দেহে অনুপ্রেরণা ও উৎসাহ যোগাবে।

## প্রকল্প বিষয়ে কিছু কথা


USAID-AUHC এর সার্বিক সহযোগিতায় গ্রীন হিল পরিচালিত সূর্যের হাসি ক্লিনিক প্রকল্পটি ২০১৬ সালের অক্টোবর হতে তিন পার্বত্য জেলার (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান) প্রত্যন্ত এলাকায় ১৮টি সূর্যের হাসি ক্লিনিক, স্বাস্থ্য সেবা হতে বঞ্চিত ও দরিদ্র জনগোষ্ঠীর সাধারণ রোগের স্বাস্থ্য সেবার পাশাপাশি মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদান করে যাচ্ছে। দক্ষ ও অভিজ্ঞ ডাক্তার এবং প্যারামেডিক দ্বারা সুনামের সহিত নিরাপদ প্রসব সেবা, প্রজননস্বাস্থ্য, মাতৃস্বাস্থ্য, পুষ্টি, শিশুস্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা। প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো প্রত্যন্ত অঞ্চলে নিরাপদ প্রসব সেবা নিশ্চিত করা সহ প্রাতিষ্ঠানিক প্রসব নিশ্চিত করার মধ্য দিয়ে মাতৃ-মৃত্যু ও শিশু-মৃত্যু হ্রাসকরণ।

## প্রকল্পের ভৌগোলিক এলাকা




| জেলা | রাঙ্গামাটি | খাগড়াছড়ি | বান্দরবান |
|---|---|---|---|
| উপজেলা | কাপ্তাই | পানছড়ি | রোয়াংছড়ি |
| | রাজস্থলী | লক্ষীছড়ি | রুমা |
| | বরকল | মাটিরাঙ্গা | থানচি |
| | বিলাইছড়ি | মানিকছড়ি | আলীকদম |
| | নানিয়ারচর | রামগড় | |
| | বাঘাইছড়ি | মহালছড়ি | |
| | জুরাছড়ি | | |
| | লংগদু | | |

## এক নজরে প্রধান স্বাস্থ্য সেবাসমূহের লক্ষ্যমাত্রা ও অর্জন



## প্রশিক্ষণে অংশগ্রহণ

### MNH-QI Basic Bundle Training এ অংশগ্রহণ

বিগত ১৬ হতে ১৮ আগষ্ট ২০২২ ইং তারিখে বান্দরবান পর্যটন মোটেলে তিন (৩) দিন ব্যাপী MNH-QI Basic Bundle Training অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে গ্রীনহিল প্রধান কার্যালয় হতে মনিটরিং অফিসার ডাঃ উদয় শংকর দেওয়ান (সাবেক সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা ও সহকারী পরিচালক, ডিজি হেলথ্, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার) ও এম এ্যান্ড ই অফিসার মানস মুকুল চাকমা এবং খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার এ্যাসিসটেন্ট এএমআইএস অফিসার ও জেলা প্রতিনিধি রুপান্ত চাকমা ও সীমা তঞ্চঙ্গ্যা অংশগ্রহন করেন। এছাড়াও তিন জেলার ছয়টি(৬) গ্রীন হিল সূর্যের হাসি ক্লিনিক (কাপ্তাই, নানিয়ারচর, আলীকদম, রোয়াংছড়ি, মহালছড়ি ও মাটিরাঙ্গা হতে ২জন করে মোট ১২জন প্যারামেডিক অংশগ্রহণ করেন। প্রশিক্ষণটি পরিচালনা করে USAID-AUHC হতে আগত ডাঃ রেজোয়ানা ফেরদৌস, কোয়ালিটি ইমপ্রুভমেন্ট স্পেশালিস্ট, সার্ভিস ডেলিভারী এ্যান্ড কোয়ালিটি এ্যাসুরেন্স ও সহায়তায় ছিলেন ওয়াকারুল হক নাজভি, টেকনিক্যাল এডভাইজার, সার্ভিস ইমপ্রুভমেন্ট, ইনোভেশন এ্যান্ড এক্সপানশন টিম, USAID-AUHC।




### IMCI-FP Training এ অংশগ্রহণ

USAID-AUHC এর সার্বিক সহযোগিতায় ও তত্ত্বাবধানে ২৬ জুলাই হতে ০৩ আগষ্ট ২০২২ ও ২০ আগষ্ট হতে ২৮ আগষ্ট ২০২২ ইং তারিখে IMCI-FP Training দুই ব্যাচে ঢাকায় মিরপুর Obstetrical and Gynaecological Society of Bangladesh (OGSB) প্রশিক্ষণ সেন্টারে অনুষ্ঠিত নয় (৯) দিন ব্যাপী প্রশিক্ষণে গ্রীন হিল সূর্যের হাসি ক্লিনিক হতে এক ব্যাচে ১২ জন করে মোট ২৪ জন প্যারামেডিক অংশগ্রহণ করেন।



# Safe Delivery and PPH Management Training এ অংশগ্রহণ

USAID-AUHC এর সার্বিক সহযোগিতায় ও তত্ত্বাবধানে ১৬ জুলাই হতে ০৫ আগষ্ট ২০২২ ও ০৬ আগষ্ট হতে ২৬ আগষ্ট ২০২২ ও ২৬ আগষ্ট হতে ১৪ সেপ্টেম্বর ২০২২ ইং তারিখে Safe Delivery and PPH Management Training তিন ব্যাচে ঢাকায় মিরপুর Obstetrical and Gynaecological Society of Bangladesh (OGSB) প্রশিক্ষণ সেন্টারে (২১) দিন ব্যাপী প্রশিক্ষণে গ্রীন হিল সূর্যের হাসি ক্লিনিক হতে ১২ জন করে মোট ৩৬ জন প্যারামেডিক অংশগ্রহণ করেন।




## ক্লিনিক পরিদর্শণ

### USAID-AUHC এর ক্লিনিক পরিদর্শণ

১৬ই আগষ্ট ২০২২ ইং তারিখ গ্রীন হিল রোয়াংছড়ি সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শণ করেন ইউএসএইড-এইউএইচসি হতে আগত ডাঃ রেজোয়ানা ফেরদৌস, কোয়ালিটি ইমপ্রুভমেন্ট স্পেশালিস্ট, সার্ভিস ডেলিভারী এ্যান্ড কোয়ালিটি এ্যাসুরেন্স ও তানজিনা আহম্মেদ, টিম লিড, সার্ভিস ইমপ্রোভমেন্ট, ইনোভেশন এন্ড এক্রপানশন। পরিদর্শণকালে তাঁরা ক্লিনিকের সার্বিক অবস্থা পর্যবেক্ষণ করেন, বিশেষ করে ক্লিনিকের বিভিন্ন অনুসৃত/ব্যবহৃত রেজিষ্টার দেখেন এবং মূল্যবান পরামর্শ প্রদান করেন।



### UNFPA & Pathfinder International কর্তৃক ক্লিনিক পরিদর্শণ

১৭ই আগষ্ট ২০২২ ইং তারিখ গ্রীন হিল রোয়াংছড়ি সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শণ করেন বান্দরবান পার্বত্য জেলার UNFPA প্রতিনিধি ধনরঞ্জন ত্রিপুরা, ফিল্ড অফিসার, বান্দরবান ও ডাঃ সমতং মুরং, মনিটরিং অফিসার কাম জেলা সমন্বয়কারী, সুখী জীবন প্রকল্প, Pathfinder International.



# খাগড়াছড়ি পার্বত্য জেলার জেলা পরিবার পরিকল্পনা বিভাগ কর্তৃক শ্রেষ্ঠ বেসরকারী উন্নয়ন সংস্থা হিসেবে স্বীকৃতি প্রদান



গ্রীন হিল সূর্যের হাসি ক্লিনিক USAID-AUHC প্রকল্পের মাধ্যমে স্বাস্থ্য সেবায় ভালো কাজের স্বীকৃতি স্বরূপ ও সরকারী উন্নয়নমূলক কাজে আন্তরিক সহযোগিতা করায় বিশ্ব জনসংখ্যা দিবস-২০২২ উপলক্ষ্যে ১১ জুলাই ২০২২ ইং খাগড়াছড়ি জেলা পরিবার পরিকল্পনা বিভাগ হতে জেলা পর্যায়ে গ্রীন হিলকে শ্রেষ্ঠ বেসরকারী উন্নয়ন সংস্থা হিসেবে মনোনয়ন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রীন হিলের পক্ষে ক্রেস্ট গ্রহণ করেন, খাগড়াছড়ি জেলার জেলা সমন্বয়কারী ও AUHC প্রকল্পের এএমআইএস অফিসার মিঃ রুপান্ত চাকমা। উক্ত অনুষ্ঠানে জনাব রেম্রচাই চৌধুরী, সম্মানীত সদস্য, খাগড়াছড়ি পার্বত্য জেলার সভাপতিত্বে এবং জনাব মংসুই প্রু চৌধুরী, মাননীয় চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোহাম্মদ বশিরুল হক ভূইয়া, মূখ্য নিবার্হী কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, এমরান হোসেন চৌধুরী, উপ পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ডাঃ মিটন চাকমা, ডেপুটি সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, খাগড়াছড়ি, জনাব কে এম এরশাদ, অতিরিক্ত পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, খাগড়াছড়ি। সভায় আরো উপস্থিত ছিলেন বিভিন্ন পর্যায়ের গণ্যমান্য ব্যক্তিবর্গ, সরকারি-বেসরকারি কর্মকর্তা ও কর্মচারী বৃন্দ।

## শ্রেষ্ঠ ক্লিনিক হিসেবে গ্রীন হিল আলীকদম সূর্যের হাসি ক্লিনিকের পুরস্কার প্রাপ্তী/গ্রহণ

আলীকদম উপজেলায় পরিবার পরিকল্পনা সেবা তথা স্বাস্থ্য সেবায় অসামান্য অবদান রাখায় গ্রীন হিল আলীকদম সূর্যের হাসি ক্লিনিককে বিশ্ব জনসংখ্যা দিবস ২০২২ এ বান্দরবান জেলার শ্রেষ্ঠ বেসরকারী স্বাস্থ্য সেবা দানকারী উন্নয়ন সংস্থা হিসেবে মনোনয়ন করা হয়। বান্দরবানে জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উদ্যোগে বিশ্ব জনসংখ্যা দিবস - ২০২২ অত্যন্ত ঝাঁকজমকভাবে র‍্যালী ও আলোচনা সভার মধ্য দিয়ে পালিত হয়েছে। পাশাপাশি উক্ত অনুষ্ঠানে আলীকদম সূর্যের হাসি ক্লিনিককে ক্রেস্ট ও প্রত্যয়ন পত্র প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বান্দরবান পার্বত্য জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান  জনাব- ক্য শৈহ্লা মারমা এবং জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক ডাঃ অং চা লু সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক্তার এসএম নিয়ন সালাউদ্দীন-ডেপুটি সিভিল সার্জন, সিভিল সার্জন কার্যালয়, বান্দরবান। সভায় আরো উপস্থিত ছিলেন মাননীয় উপজেলা চেয়ারম্যানসহ বিভিন্ন পর্যায়ের গণ্যমান্য ব্যক্তিবর্গ, সরকারি-বেসরকারি কর্মকর্তা ও কর্মচারী বৃন্দ।

## হেলথ্ ক্যাম্প আয়োজন

১৫ সেপ্টেম্বর ২০২২ইং ছোট হরিণা, বরকল গ্রীন হিল সূর্যের হাসি ক্লিনিক কর্তৃক হেলথ্ ক্যাম্প এর আয়োজন করা হয়। হেলথ্ ক্যাম্পটি পরিচালনা করেন ডাঃ উদয় শংকর দেওয়ান, মনিটরিং অফিসার, AUHC প্রকল্প (সাবেক সিভিল সার্জন, খাগড়াছড়ি), সহযোগিতায় ছিলেন, ক্লিনিক ইনচার্জ ও প্যারামেডিক মিঃ অমর চাকমা এবং ক্লিনিকের প্যারামেডিকগণ, যথাক্রমে মৌসুমী চাকমা ও সবিতা চাকমা। উক্ত হেলথ্ ক্যাম্পে দূর্গম এলাকা হতে আগত মোট ৩৬জন রোগীকে স্বল্পমূল্যে বিভিন্ন ধরণের স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। তার মধ্যে পুরুষ ১৪জন, মহিলা ২১জন ও শিশু ১ জন। এছাড়াও উক্ত হেলথ্ ক্যাম্প এ সহযোগিতা করেন ডাঃ অর্নিবান চাকমা, MBBS, MPH (In course), National Institute of Preventive and Social Medicine (NIPSON), Mohakhali, Dhaka । তিনি তাঁর থিসিস এর অংশ হিসেবে ক্লিনিক পরিদর্শন ও সহযোগিতা করেন। এছাড়াও টীমে ছিলেন মিঃ সাইলু মং মারমা, প্রকল্প পরিচালক, মিঃ মনো রঞ্জন তংচঙ্গ্যা, ফাইন্যান্স ও এ্যাডমিন অফিসার ও মিঃ মানস মুকুল চাকমা, মনিটরিং ও ইভালুয়েশন অফিসার, AUHC প্রকল্প, গ্রীন হিল।





## কমিউনিটি হেলথ্ ওয়ার্কার (CHW) নিয়োগ

গ্রীন হিল AUHC প্রকল্পের কার্যক্রমকে আরও গতিশীল ও সম্প্রসারিত করার লক্ষ্যে পরবর্তি/আসন্ন (সেপ্টেম্বর'২২ হতে জুলাই'২৩) বাজেটে প্রতি ক্লিনিকের জন্য ২জন করে কমিউনিটি হেলথ্ ওয়ার্কার এর প্রস্তাবনার আলোকে অনুমোদন হওয়ায় প্রকল্প এলাকার ১৮টি ক্লিনিকের আশে-পাশের এলাকা হতে স্বাস্থ্য সেবা কার্যক্রম বিষয়ে অভিজ্ঞ, দক্ষ ও স্থানীয়দের প্রাধান্য দিয়ে প্রতিটি ক্লিনিকে ২জন করে মোট ৩৬ জন কমিউনিটি হেলথ্ ওয়ার্কার (CHW) নিয়োগ প্রদান করা হয়েছে। নিয়োগ প্রক্রিয়াটি গ্রীন হিল মানব সম্পদ উন্নয়ন পলিসি অনুসারে সম্পাদন করা হয়। উক্ত নিয়োগ পরীক্ষাগুলো হেড অফিস বা জেলা প্রতিনিধির নেতৃত্বে নিয়োগ বোর্ড কমিটি গঠনের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে।

# ত্রৈমাসিক/কোয়াটারলি পারফরম্যান্স রিভিউ মিটিং

২৬ সেপ্টেম্বর ২০২২ ইং রোজ সোমবার গ্রীন হিল AUHC প্রকল্পের ত্রৈমাসিক পারফরম্যান্স রিভিউ মিটিং অনুষ্ঠিত হয় । উক্ত মিটিং এ তিন পার্বত্য জেলার ১৮টি সূর্যের হাসি ক্লিনিক হতে আগত ক্লিনিক ম্যানেজার ও ইনচার্জগণ অংশগ্রহণ করেন। উক্ত মিটিং এ ক্লিনিক ইনচার্জ তাঁদের দায়িত্বপ্রাপ্ত ক্লিনিকের ত্রৈমাসিক অগ্রগতি, সমস্যা, সম্ভাবনা, সম্ভাব্য সমাধান বিষয়ে আলোচনা ও পর্যালোচনা করা হয়। পাশাপাশি ভবিষ্যৎ পরিকল্পনা নিয়েও মতবিনিময় ও দিক নির্দেশনা প্রদান করা হয়। মিটিং এ উপাল কান্তি মুৎসুদ্দী, পরিচালক ফাইন্যান্স এ্যান্ড এ্যাডমিন, সাইলুমং মারমা, প্রকল্প পরিচালক, AUHC প্রকল্প, গ্রীন হিল, মনিটরিং অফিসার ডাঃ উদয় শংকর দেওয়ান (সাবেক সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা ও সহকারী পরিচালক, ডিজি হেলথ্, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার), মনু তংচঙ্গ্যা, ম্যানেজার, ফাইন্যান্স এ্যান্ড এ্যাডমিন ও এম এ্যান্ড ই অফিসার মানস মুকুল চাকমা এবং খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার এ্যাসিসটেন্ট এএমআইএস অফিসার ও জেলা প্রতিনিধি রুপান্ত চাকমা ও সীমা তঞ্চঙ্গ্যা অংশগ্রহণ করেন।



# সিভিল সার্জন অফিসের মাসিক সমন্বয় সভায় অংশগ্রহণ

রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান সিভিল সার্জন কার্যালয়ে জুলাই, আগষ্ট ও সেপ্টেম্বর মাসের মাসিক সম্বন্বয় সভায় গ্রীন হিল AUHC প্রকল্প থেকে প্রতিনিধিরা অংশগ্রহণ করেন । রাঙ্গামাটি জেলায় প্রকল্প পরিচালক মিঃ সাইলুমং মারমা, বান্দরবান জেলার সহকারী এআইএস অফিসার সীমা তঞ্চঙ্গ্যা এবং খাগড়াছড়ি জেলার জেলা সমন্বয়কারী মি. রূপান্ত চাকমা প্রকল্পের তথ্য সংস্থার প্রতিনিধি হিসেবে অংশগ্রহণ করেন। সভায় গ্রীন হিলের AUHC প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করা হয় এবং সিভিল সার্জন মহোদয় ও সংশ্লিষ্ট অন্যান্য সরকারী কর্মকর্তাগণ কার্যক্রমের অগ্রগতি নিয়ে প্রশংসা করেন । এ ধারা অব্যাহত রাখার জন্য সর্বাত্নক সহযে-াগিতা করবেন বলে আশ্বাস প্রদান করেন।



## যৌথভাবে পরিবার পরিকল্পনা সেবা প্রদান

পরিবার পরিকল্পনা সেবা সপ্তাহ উপলক্ষ্যে ২০সেপ্টেম্বর ২০২২ইং তারিখে রুমা উপজেলার ১নং পাইন্দু ইউনিয়নে স্বল্পমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতি ওপর মাঠ পর্যায়ে প্রচারণা কার্যক্রম ও বিশেষ সেবা ক্যাম্প এর আয়োজন করা হয়। বান্দরবান পার্বত্য জেলার রুমা, আলীকদম উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগকে সার্বিক সহযোগিতা করেছে গ্রীন হিল পরিচালিত সূর্যের হাসি ক্লিনিক।

## জাতীয় শোক দিবস উপলক্ষ্যে সূর্যের হাসি ক্লিনিক তথা গ্রীন হিলের শ্রদ্ধাঞ্জলি ও পুষ্পস্তবক প্রদান-১৫ই আগস্ট ২০২২




১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২২ ইং, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাৎ বার্ষিকীতে জেলা ও উপজেলা পর্যায়ে গ্রীন হিল সূর্যের হাসি ক্লিনিক তথা AUHC প্রকল্প ও গ্রীন হিলের পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি ও পুষ্পস্তবক প্রদান করেন। এতে জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করেন। এছাড়াও ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে  বান্দরবান জেলার রুমা উপজেলায় পাইন্দু, মেনরন, ল্যেপুং পাড়াতে উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ও গ্রীন হিল সূর্যের হাসি ক্লিনিক যৌথ উদ্যোগে ব্লাড গ্রুপিং ক্যাম্প এর আয়োজন করে, এতে মোট ৫০ জনের ব্লাড গ্রুপ নির্ণয় করা হয়।


### যোগাযোগ

সাইলু মং মারমা, প্রকল্প পরিচালক, AUHC প্রকল্প, মোবাইল: ০১৮২৮৮১৮৬৭১
**প্রধান কার্যালয়,** ইন্দ্রানী হাউজ, চম্পকনগর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।


USAID FROM THE AMERICAN PEOPLE

Green Hill Transforming the Marginalized

সূর্যের হাসি ক্লিনিক